# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 18 July, 2025

পাঞ্জাবের মুখ্যমন্ত্রী মরিয়ম নওয়াজ শরীফ বলেছেন, পাকিস্তান ও বাংলাদেশ ইতিহাস ও সংস্কৃতির একই শিকড়ে গাঁথা দুটি শাখার মতো।

শুক্রবার (১৮ জুলাই) লাহোরে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার ইকবাল হোসেনের সঙ্গে বৈঠকে তিনি এ মন্তব্য করেন। বৈঠকে বাণিজ্য, শিল্প এবং কৃষি খাতে দ্বিপাক্ষিক সহযোগিতা জোরদার করার বিষয়ে উভয় পক্ষ একমত হয়।

পোশাক খাত, ক্ষুদ্রঋণ কর্মসূচি ও নারীর অংশগ্রহণে বাংলাদেশের সাফল্যের প্রশংসা করেন মরিয়ম নওয়াজ। তিনি জানান, শিল্প ও ডিজিটাল দক্ষতা উন্নয়নে পাঞ্জাব বাংলাদেশকে অংশীদার হিসেবে পেতে আগ্রহী।

২০২৫ সালের জানুয়ারিতে পাঞ্জাব থেকে বাংলাদেশে ৫০ হাজার টন উন্নতমানের চাল রপ্তানির প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন, পাঞ্জাব থেকে চিকিৎসা ও অস্ত্রোপচারের সরঞ্জাম এবং ল্যাবরেটরি যন্ত্রপাতিও বাংলাদেশে রপ্তানি সম্ভব।

বাংলাদেশ সরকারের ভিসা প্রক্রিয়া সহজীকরণকে পারস্পরিক আস্থার লক্ষণ হিসেবে দেখছেন তিনি।ব্যবসা ও বিনিয়োগে আরও সহযোগিতার লক্ষ্যে লাহোর ও ঢাকায় পাকিস্তান-বাংলাদেশ যৌথ চেম্বার অব কমার্স প্রতিষ্ঠার সমর্থনও জানান তিনি। পাশাপাশি, এক-জানালা ব্যবসা কেন্দ্রের মাধ্যমে বাংলাদেশি বিনিয়োগকারীদের জন্য সুযোগ-সুবিধা নিশ্চিত করার প্রতিশ্রুতি দেন।

তিনি আরও জানান, বাংলাদেশের ভিশন ২০৩০-এর আওতায় অনুষ্ঠিতব্য ‘প্রথম নারী’ শীর্ষ সম্মেলনে অংশগ্রহণের জন্য পাঞ্জাব আগ্রহী।

বৈঠকে বাংলাদেশের হাইকমিশনার ইকবাল হোসেন মরিয়ম নওয়াজের নেতৃত্বে পাঞ্জাবে পরিচালিত কল্যাণমূলক ও উন্নয়নমূলক কর্মসূচির প্রশংসা করেন।

মরিয়ম নওয়াজ পাঞ্জাব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:42

URL: https://timestodaybd.com/national/7758074948